# গগনযানের প্রস্তুতি সম্পূর্ণ, সংসদে জানালেন প্রতিমন্ত্রী

**নয়াদিল্লি, ১৮ ডিসেম্বর:** গগনযান মিশনের প্রস্তুতি প্রায় সম্পূর্ণ হওয়ার পথে। 'আত্মনির্ভর' ভারতের প্রথম মনুষ্যবাহী মহাকাশযান মিশন সম্পর্কে বৃহস্পতিবার বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং সংসদে এমনটাই জানিয়েছেন। লক্ষ্য ২০২৭-২৮-এর মধ্যেই জি১ মিশনকে সফল করা। এই অভিযানকেই ২০৩৫ সালের মধ্যে ভারতীয় অন্তরীক্ষ স্টেশন স্থাপনের লক্ষ্যে বড়সড় পদক্ষেপ বলে মনে করা হচ্ছে। উল্লেখ্য, গগনযান মিশন হল ভারতের প্রথম মানব মহাকাশযান মিশন। এর লক্ষ্য মহাকাশে ভারতের তরফে নভশ্চর পাঠানোর পাশাপাশি মহাশূন্যে নিজস্ব স্পেস স্টেশন তৈরি। সেই লক্ষ্যে ইতিমধ্যেই আন্তর্জাতিক স্পেস স্টেশনে গিয়েছেন শুভাংশু শুক্লা। এই গগনযান মিশনের রয়েছে একাধিক ধাপ। সবকিছু সফলভাবে সম্পন্ন হলে আমেরিকা, রাশিয়া ও চিনের পর মহাকাশ প্রযুক্তিতে বিশ্বের চতুর্থ দেশ হয়ে উঠবে ভারত।



জানা গিয়েছে, ইসরোর তরফে গগনযানের জন্য প্রয়োজনীয় কঠিন পরীক্ষা সম্পন্ন হয়ে গিয়েছে। জিএসএলভি এমকে-৩-এর একটি উন্নত সংস্করণ এইচএলভিএম৩। সেটাই গগনযানে ব্যবহার করা হচ্ছে। আর তাই উড়ানের আগে এর প্রপালশনের উপাদান ও কাঠামোগত অংশগুলি নিরাপত্তা ও নির্ভরযোগ্যতার মান পূরণের পরীক্ষাগুলিতে উত্তীর্ণ হয়েছে। বাকি পরীক্ষাগুলিও সফল হয়েছে। এমনকী ক্রু এস্কেপ সিস্টেম তথা সিইএসও সংক্রান্ত পরীক্ষাও হয়ে গিয়েছে। এই ব্যবস্থায় মহাকাশযানে কোনও সমস্যা হলে মহাকাশচারীদের দ্রুত প্যারাস্যুটের সহায়তায় সেখান থেকে বের করে দেওয়া হয়। সেই পরীক্ষাও সম্পূর্ণ সফল। আগেই জানা গিয়েছিল, মহাকাশচারীদের জন্য এই ইঞ্জিন প্রস্তুত কিনা তা খতিয়ে দেখতে ১৪ হাজার সেকেন্ড ধরে এটি চালানো হয়েছে। সফলভাবে ফুলমার্কস নিয়ে পরীক্ষায় পাশ করেছে ইঞ্জিনটি। যার অর্থ ইসরো এখন মহাকাশচারীদের জন্য নিরাপদ মহাকাশযান প্রস্তুত করতে সক্ষম।

# উত্তর ভারতে কুয়াশায় ব্যাহত উড়ান পরিষেবা

**নয়াদিল্লি, ১৮ ডিসেম্বর:** ঘন কুয়াশায় ঢেকেছে দিল্লি-সহ উত্তর ভারতের বিস্তীর্ণ এলাকা। দৃশ্যমানতা বিপজ্জনক ভাবে কমে গিয়েছে। যার জেরে বৃহস্পতিবার সকালেও বাতিল হল একাধিক উড়ান। যাত্রীদের নিরাপত্তার কথা ভেবে অন্তত ৪০টি উড়ানের সময়সূচি বদলানো হয়েছে। ব্যাহত হয়েছে রেল পরিষেবাও।

প্রসঙ্গত, দিল্লি সরকার কর্তৃক গৃহীত কঠোর দূষণ বিরোধী পদক্ষেপের অংশ হিসেবে বৃহস্পতিবার থেকেই কড়াকড়ি বেড়েছে দেশের রাজধানীতে। বিএস-৬ ইঞ্জিনবিহীন যানবাহনগুলিকে এখন থেকে শহরে ঢুকতে দেওয়া হবে না বলে জানিয়েছে। দূষণ নিয়ন্ত্রণের শংসাপত্র (পলিউশন আন্ডার কন্ট্রোল সার্টিফিকেট বা পিইউসি) ছাড়া কোনও গাড়িকে পেট্রল বা ডিজেল দেবে না জ্বালানি স্টেশনগুলিও। পেট্রল পাম্পগুলিকে এমনই নির্দেশ দেওয়া হয়েছে। যানবাহনে তল্লাশির জন্য আলাদা করে ৫৮০ জন পুলিশকর্মীকে মোতায়েন করা হবে। এ ছাড়াও, ১২৬টি চেকপোস্টে মোতায়েন করা হবে ৩৭টি এনফোর্সমেন্ট ভ্যান। পরিবহণ বিভাগ, পুরসভা এবং খাদ্য দপ্তরের কর্মীদেরও পেট্রল পাম্পগুলিতে মোতায়েন করা হবে। ইতিমধ্যেই পেট্রল পাম্পগুলিতে স্বয়ংক্রিয় নম্বর প্লেট শনাক্তকরণ ক্যামেরা বসিয়েছে দিল্লি সরকার, যা বৈধ পিইউসি সার্টিফিকেটবিহীন যানবাহন শনাক্ত করবে।

## কড়া বিধিনিষেধ দিল্লিতেও



ঘন কুয়াশার জেরে যাত্রীদের জন্য আগে থেকেই সতর্কবার্তা জারি করেছে বিভিন্ন উড়ান সংস্থা। কোনও কোনও জায়গায় দৃশ্যমানতা বিপজ্জনক ভাবে হ্রাস পেয়েছে। যাত্রীদের আগে থেকে পরিকল্পনা করা এবং বিমানবন্দরে পৌঁছোনোর জন্য অতিরিক্ত সময় হাতে রাখতে বলা হয়েছে। সকাল ৮টা ১০ মিনিট নাগাদ দিল্লি বিমানবন্দর কর্তৃপক্ষের তরফেও সতর্কবার্তা জারি করা হয়েছে।

কুয়াশার প্রভাব পড়েছে রেল পরিষেবাতেও। সকালে দেরিতে চলছে ২২টিরও বেশি দূরপাল্লার ট্রেন। এর মধ্যে ১৯২৭২ হরিদ্বার-ভাবনগর এক্সপ্রেস (১ ঘণ্টা ৭ মিনিট বিলম্বিত), ১২৪১৭ প্রয়াগরাজ এক্সপ্রেস (৪ ঘণ্টা বিলম্বিত), ১২৪২৭ রেওয়া-আনন্দ বিহার এক্সপ্রেস (৩ ঘণ্টা ৫৭ মিনিট বিলম্বিত), ২২৪৩৫ নয়াদিল্লি বন্দে ভারত এক্সপ্রেস (৮ ঘণ্টা ৫২ মিনিট বিলম্বিত), ১৪২৪১ নৌচণ্ডী এক্সপ্রেস (৫ ঘণ্টা বিলম্বিত), ১৪২০৭ পদ্মাবত এক্সপ্রেস (প্রায় ৪ ঘণ্টা বিলম্বিত) ইত্যাদি একাধিক ট্রেন রয়েছে। ঘন কুয়াশার জেরে কিছু কিছু এলাকায় রাস্তায় দীর্ঘ যানজট সৃষ্টি হয়েছে। দিল্লি এবং পার্শ্ববর্তী এলাকাগুলিতে ধীর গতিতে চলছে গাড়িঘোড়া।

**ASANSOL DURGAPUR DEVELOPMENT AUTHORITY**
(A Statutory body of the Govt. of West Bengal)
City Centre, Durgapur - 713216
(Ph.: 0343-2546716/6815)

**N.I.T. (Online) No: - ADDA/DGP/ED/N-58/25-26 Dated 17.12.2025**
Exe. Engr.(Civil), ADDA invites **Percentage Rate Tender** (Online Bid System) for the works: **(1)** Tender ID No. 2025_ADDA_975927_1 **(2)** Tender ID No. 2025_ADDA_975951_1. For other details visit our website www.addaonline.in or http://wbtenders.gov.in
Sd/-
Exe. Engr. (Civil), ADDA

## দুবাইয়ে শীতের বার্তা, সঙ্গে ঝোড়ো হাওয়া ও বৃষ্টির সতর্কতা

**স্বস্তিকা কুমার ● দুবাইতে বসবাসকারী প্রবাসী ভারতীয়**

**দুবাই:** মরুপ্রধান দুবাইয়ে শীতের আগমনের সঙ্গে সঙ্গে আবহাওয়ার নাটকীয় পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। সংযুক্ত আরব আমিরাতের জাতীয় আবহাওয়া কেন্দ্র জানিয়েছে, আগামী কয়েকদিন দুবাইসহ দেশের বিভিন্ন অংশে অস্থির আবহাওয়ার সম্ভাবনা রয়েছে। এই পরিস্থিতিতে জারি করা হয়েছে হলুদ ও কমলা সতর্কতা। আবহাওয়া দপ্তরের পূর্বাভাস অনুযায়ী, ১৭ ডিসেম্বর বুধবার থেকে ১৯ ডিসেম্বর শুক্রবার পর্যন্ত দুবাইয়ে বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি হতে পারে। দমকা হাওয়ার গতি ঘণ্টায় ৬৫ কিলোমিটার পর্যন্ত পৌঁছাতে পারে বলে জানানো হয়েছে। কিছু কিছু এলাকায় বজ্রপাত ও বজ্রধ্বনির পাশাপাশি সীমিত আকারে শিলাবৃষ্টির আশঙ্কাও রয়েছে। পাঁচ দিনের পূর্বাভাসে উল্লেখ করা হয়েছে, সংযুক্ত আরব আমিরাতের বিভিন্ন অঞ্চলে বিচ্ছিন্নভাবে ঘন মেঘ জমতে পারে, যার ফলে উপকূলবর্তী এলাকায় পরিস্থিতি আরও জটিল হতে পারে। এই কারণেই দুবাইয়ের উপকূলীয় অঞ্চলে ১৯ ডিসেম্বর পর্যন্ত হলুদ ও কমলা সতর্কতা বলবৎ রাখা হয়েছে। কর্তৃপক্ষ সাধারণ মানুষ ও পর্যটকদের সতর্ক থাকার এবং সমুদ্র সংলগ্ন এলাকায় অপ্রয়োজনীয় চলাচল এড়িয়ে চলার পরামর্শ দিয়েছে। শীতকালের শুরুতে এই ধরনের আবহাওয়ার পরিবর্তন দুবাইয়ের বাসিন্দাদের জন্য নতুন না হলেও, নিরাপত্তার দিক থেকে বাড়তি সতর্কতা জরুরি বলে মত বিশেষজ্ঞদের।

# ভারতের দীর্ঘমেয়াদি জ্বালানি নিরাপত্তা ঝুঁকির মুখে, জানাল সি-ডিইপি রিপোর্ট

**নয়াদিল্লি, ১৮ ডিসেম্বর:** সেন্টার ফর ডোমেস্টিক ইকোনমি পলিসি রিসার্চ (সিডিইপি) মঙ্গলবার প্রকাশিত এক ঐতিহাসিক প্রতিবেদনে সতর্ক করে জানিয়েছে যে, ভারতের একমাত্র প্রধান ব্যারাইট খনি প্রায় নিঃশেষের পথে, যা দেশের দীর্ঘমেয়াদি জ্বালানি নিরাপত্তার জন্য উদ্বেগের কারণ। প্রতিবেদন অনুযায়ী, ভারত বর্তমানে বিশ্বের একমাত্র বড় অর্থনীতি যেখানে দেশীয় পর্যায়ে উচ্চমাত্রায় উত্তোলন অব্যাহত থাকার ফলে ব্যবহারযোগ্য ব্যারাইট মজুত ১০ বছরেরও কম সময়ের জন্য অবশিষ্ট রয়েছে। ব্যারাইট তেল ও গ্যাস অনুসন্ধানে একটি অপরিহার্য খনিজ, বিশেষ করে উচ্চচাপের কূপ স্থিতিশীল রাখার ক্ষেত্রে এর কোনো বিকল্প নেই। প্রতিবেদনে সতর্ক করা হয়েছে যে, নিরবচ্ছিন্ন দেশীয় সরবরাহ নিশ্চিত না হলে, আন্দামান বেসিন ও কৃষ্ণা, গোদাবরী বেসিনে, ভারতের তেল ও গ্যাস অনুসন্ধান কর্মসূচি তাৎক্ষণিকভাবে ব্যাহত হতে পারে।

প্রতিবেদনটিতে আরও উল্লেখ করা হয়েছে, ভারতের মোট ব্যারাইট সম্পদের ৯৫ শতাংশই অন্ধ্র প্রদেশের মাঙ্গামপেট খনিতে কেন্দ্রীভূত।

সেখানে ২০১৫ সালে মজুত ছিল ৪৯ মিলিয়ন টন। ২০২৪ সালে তা কমে ২৩ মিলিয়ন টনের নিচে নেমে এসেছে, অর্থাৎ এক দশকেরও কম সময়ে প্রায় ৫৩ শতাংশ হ্রাস পেয়েছে। এই দ্রুত পতনের প্রধান কারণ হিসেবে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, যেখানে ভারতের জ্বালানি নিরাপত্তা ও অভ্যন্তরীণ শিল্পের জন্য কোনো কৌশলগত ব্যারাইট মজুত গড়ে তোলা হয়নি, সেখানে দীর্ঘমেয়াদি জাতীয় প্রয়োজন বিবেচনা না করে বিপুল পরিমাণে রপ্তানি। 'জ্বালানি নিরাপত্তার ওপর ব্যারাইট মজুতের দ্রুত হ্রাসের প্রভাবের বিশ্লেষণ' শীর্ষক এই প্রতিবেদনটি আইআইটি দিল্লিতে প্রকাশ করেন শ্রী প্রবীণ প্রকাশ, আইএএস (অবসরপ্রাপ্ত), অন্ধ্র প্রদেশ মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এপিএমডিসি)-এর প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক, যিনি মাঙ্গামপেট খনির পরিচালনার দায়িত্বে ছিলেন।

**WEST BENGAL AGRO INDUSTRIES CORPORATION LTD.**
( A Govt. Undertaking )
Registered Office: 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001
**NIeT- 349(2nd Call)/25-26 and NIeT- 430/2025-2026,**
**Dated- 17-12-2025**
e-Tenders are invited by the Executive Engineer/ General Manager on behalf of West Bengal Agro Industries Corpn. Ltd, 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001 from bonafide and resourceful Agencies for completion of Civil an Electricall works at Uttar Dinajpur and Purba Burdwan District. Tender document may be downloaded from. http://wbtenders.gov.in
Bid submission start date-**18-12-2025 after 6.00 pm.** Bid submission end date- **13-01-2026 upto 04.00 pm.**
**Date: 18.12.2025 Sd/- Executive Engineer/ General Manager**

**Nischinda Gram Panchayat**
Bally, Howrah
**RE E-TENDER INVITING NOTICE**
Re-Electronic Tenders are hereby invited from the bonafied and resourceful bidders for development works vide **e-NIT No. -16, Sl. No. 1 to 17, Fund : APAS 25-26.** Published date: **18/12/2025.** Date of Closing : **12/01/2026.** Date of Opening: **15/01/2026.** Details are available in https://wbtenders.gov.in & https://etender.wb.nic.in and Office Notice Board.
Sd/-
Prodhan
Nischinda Gram Panchayat

## ময়দান

# পুরো ম্যাচ বাতিল, তবুও টিকিটের টাকা ফেরতের দাবি নাকচ বিসিসিআই সচিবের



**নিজস্ব প্রতিবেদন:** এক বলও মাঠে গড়ায়নি। প্রায় চার থেকে সাড়ে চার ঘণ্টা ধরে স্টেডিয়ামে বসে থেকে শেষ পর্যন্ত হতাশ মনেই বাড়ি ফিরতে হল দর্শকদের। কুয়াশার কারণে লখনউয়ের একানা স্টেডিয়ামে ভেস্তে গেল ভারত ও দক্ষিণ আফ্রিকার মধ্যে চতুর্থ টি-টোয়েন্টি ম্যাচ। শীতকাল ও দূষণের যুগলবন্দিতে দৃশ্যমানতা এতটাই কমে গিয়েছিল যে, শেষ পর্যন্ত ম্যাচ আয়োজন করা সম্ভব হয়নি।

বুধবার সন্ধ্যা থেকেই মাঠ ঢেকে গিয়েছিল ঘন কুয়াশায়। খেলা শুরুর নির্ধারিত সময় পেরিয়ে গেলেও পরিস্থিতির কোনও উন্নতি হয়নি। বার বার মাঠে নেমে আম্পায়ারেরা আলো ও দৃশ্যমানতা পরীক্ষা করেন। কিন্তু সময় যত গড়িয়েছে, কুয়াশা তত ঘন হয়েছে। শেষ পর্যন্ত রাত ৯টা ৩০ মিনিট নাগাদ আম্পায়ারেরা সিদ্ধান্ত নেন, এই অবস্থায় খেলা চালানো অসম্ভব। ফলে আনুষ্ঠানিক ভাবে ম্যাচ বাতিল ঘোষণা করা হয়।

দীর্ঘ অপেক্ষার পর ম্যাচ ভেস্তে যাওয়ায় স্বাভাবিক ভাবেই ক্ষুব্ধ হয়ে ওঠেন দর্শকেরা। অনেকেই টিকিটের টাকা ফেরতের দাবি তোলেন। সাধারণত, কোনও ম্যাচে একটিও বল না হলে দর্শকদের টিকিটের পুরো টাকা ফেরত দেওয়ার নিয়ম রয়েছে। এই ম্যাচে টসও না হওয়ায় সেই নিয়মই কার্যকর হওয়ার কথা। তবে এই নিয়ে বিভ্রান্তি তৈরি হয়, টাকা ফেরত দেবে কে; ভারতীয় ক্রিকেট বোর্ড না কি অন্য কোনও সংস্থা?

এই প্রসঙ্গে বিসিসিআইয়ের অবস্থান স্পষ্ট করেছেন বোর্ডের সচিব দেবজিৎ শইকীয়া। তিনি জানান, টিকিটের টাকা ফেরত দেওয়ার দায় বিসিসিআইয়ের নয়। তাঁর বক্তব্য অনুযায়ী, লখনউয়ের একানা স্টেডিয়াম উত্তরপ্রদেশ ক্রিকেট সংস্থার অধীন। ফলে ম্যাচ আয়োজনের যাবতীয় দায়িত্বও তাদের উপরেই বর্তায়। শইকীয়া বলেন, বিসিসিআই শুধু রাজ্য ক্রিকেট সংস্থাকে ম্যাচ আয়োজনের দায়িত্ব দেয়। টিকিটের দাম নির্ধারণ, কত টিকিট ছাপা হবে, বিক্রির পদ্ধতি; এই সব সিদ্ধান্ত নেয় সংশ্লিষ্ট রাজ্য সংস্থাই।বোর্ড এই বিষয়ে হস্তক্ষেপ করে না। তাই টিকিটের টাকা ফেরত দেওয়ার দায়ও উত্তরপ্রদেশ ক্রিকেট সংস্থারই।

এই সিদ্ধান্ত প্রকাশ্যে আসতেই নতুন করে আলোচনা শুরু হয়েছে। দর্শকদের একাংশের দাবি, এত দীর্ঘ সময় অপেক্ষা করানোর পর অন্তত দ্রুত টাকা ফেরতের ব্যবস্থা করা উচিত। এখন দেখার, উত্তরপ্রদেশ ক্রিকেট সংস্থা কী ভাবে এবং কবে দর্শকদের টাকা ফেরত দেয়।

এ দিকে সিরিজের অঙ্কে খুব বেশি প্রভাব পড়েনি এই ম্যাচ বাতিলের ঘটনায়। পাঁচ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজে আপাতত ২-১ এগিয়ে ভারত। শুক্রবার অহমদাবাদে সিরিজের শেষ ম্যাচ। সেই ম্যাচ জিতলে ভারত সিরিজ জিতবে। আর হারলেও সিরিজ ড্র হবে। অর্থাৎ, এই পরিস্থিতি থেকে ভারতের সিরিজ হারার কোনও সম্ভাবনাই নেই।

# কেকেআর-এ খেলবেন এক সাংসদের ছেলে!



**নিজস্ব প্রতিবেদন:** আবু ধাবিতে হয়ে গেল আইপিএলের মিনি অকশন বা নিলাম। বাকি টিমের মতো কলকাতা নাইট রাইডার্সও ১৩ জন ক্রিকেটারকে নিজেদের ঝুলিতে ভরেছে। একদিকে যেখানে ২৫ কোটি ২০ লক্ষ টাকা দিয়ে অস্ট্রেলিয়ার অল রাউন্ডার ক্যামেরন গ্রিনকে কিনেছে, সেখানে আরও এক খেলোয়াড়ের নামও কিন্তু নজর কেড়েছে। আরও নজর কেড়েছে তাঁর পিতৃ-পরিচয়। ছেলে যেখানে ২২ গজে ছক্কা হাঁকাচ্ছে, সেখানেই বাবা আবার পোড় খাওয়া রাজনীতিবিদ। কে এই সাংসদের ছেলে জানেন? কেকেআর-এ এবার খেলবেন সার্থক রঞ্জন। ৩০ লক্ষ টাকা দিয়ে তাঁকে কিনেছে শাহরুখের টিম। সার্থকের বাবা রাজেশ রঞ্জন, যিনি সকলের কাছে পাপ্পু যাদব নামেই পরিচিত। তিনি নির্দল সাংসদ। তাঁর নাম ঘিরে একাধিক বিতর্কও রয়েছে। এবার তাঁর ছেলে খেলবেন আইপিএলে। দিল্লিতেই ক্রিকেট খেলেছেন সার্থক। দিল্লি প্রিমিয়াম লিগে তাঁর দুর্দান্ত রানই সকলের নজর কাড়ে। চান্স পেলেন কলকাতা নাইট রাইডার্সে। ছেলের এই সাফল্যে আপ্লুত হয়ে পাপ্পু যাদব বলেন, 'বাধাই হো বেটু! জমিয়ে খেলো আর নিজের প্রতিভার দমে নিজের পরিচিতি তৈরি করো। নিজের ইচ্ছা পূরণ করো। এবার সার্থকের নামে তৈরি হবে আমাদের সরকার।'



*বৃহস্পতিবার শহরে পা রাখলেন কেনি বেডনারেক। জি ডি বিড়লা সেন্টার ফর এডুকেশন স্কুলে টাটা স্টিল ওয়ার্ল্ড ২৫কে কলকাতা ম্যারাথন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পদকজয়ী অলিম্পিয়ান। সেই স্কুলে বাচ্চাদের সঙ্গে কিছুটা সময় কাটান। তাদের সঙ্গে বেশ কিছুক্ষণ কথোপকথন করেন। ২০২০ অলিম্পিক গেমসে ২০০ মিটারে দৌড়ে যে রুপোর পদক জিতেছিলেন সেই পদকটি তিনি নিজের সঙ্গেই নিয়ে এসেছিলেন।*

**TENDER NOTICE**
E-Tender are invited by the Prodhan Bhabta-II Gram Panchayat, Murshidabad vide tender NIT No:- 07/ BH-II/ APAS/ 25-26, Memo No :- 224/ BH-II/ 25-26, dt:- 05.12.25. Bid Opening dt 14.01.26 at 14.00 Hours.
For more details please visit https://wbtenders.gov.in
Sd/-
Prodhan,
Bhabta-II Gram Panchayat, Murshidabad

Office of the Block Development Office
Sagardighi :: Murshidabad.
NOTICE INVITING e-Tender
e-tender are invited through online bid system under following tender(NIeT) No:-17/EN/SB/2025-2026(3rd Call), (BCW) (Sl No 01) Dated:-18/12/2025. The last date of online submission of tender is 25/12/2025 upto 14:00 hours.
For details please visit website: http://wbtenders.gov.in
SD/-*Block Development Officer*
*Sagardighi, Murshidabad*

**DASPUR-I PANCHAYAT SAMITI**
**NOTICE INVITING E-TENDER**
**WBPMID/DAS-I/EO/NIT-15/25-26,**
**Memo No-1119, Date- 17/12/2025**
Tender Through inviting by the undersigned from the bonafied and experienced contractor, Registered Engineers Co-Operative societies & labour Co-Operative societies having credential of similar type of work at Daspur-I Panchayat Samiti. Bid Submission Start Date- **18.12.2025.** Bid Submission end Date- **13.01.2026.** Bid Opening Date- **16.01.2026.** For Details Please Visit website http://wbtenders.gov.in
Sd/-
Executive Officer
Daspur-I Panchayat Samiti
Daspur :: Paschim Medinipur

**দিঘীরপাড় বকুলতলা গ্রাম পঞ্চায়েত**
মথুরাপুর-২ নং পঞ্চায়েত সমিতি
Mail ID: d.bakultala@gmail.com
**E-TENDER NOTICE**
দিঘীরপাড় বকুলতলা গ্রাম পঞ্চায়েতের পক্ষে প্রধান গ্রাম পঞ্চায়েত এলাকায় (আমাদের পাড়া আমাদের সমাধান) প্রকল্প রুপায়নের জন্য (APAS Fund হইতে) যে দরপত্রগুলি আহ্বান করছেন, তাহার **NIT No. 002/APAS/DBGP/2025-26, 003/APAS/DBGP/2025-26, 004/APAS/DBGP/2025-26, 005/APAS/DBGP/2025-26, Date: 16/12/2025.** বিস্তারিত তথ্য জানার জন্য www.wbtenders.gov.in এবং দিঘীরপাড় বকুলতলা গ্রাম পঞ্চায়েত অফিসে যোগাযোগ করুন।
**প্রধান**
**দিঘীরপাড় বকুলতলা গ্রাম পঞ্চায়েত**

**হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন**
৪, মহাত্মা গান্ধি রোড, হাওড়া - ৭১১১০১
সংবাদপত্রে প্রকাশক সংক্ষিপ্ত টেন্ডার নোটিশ
এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার, হাওড়া পৌর নিগম, এইচএমসি এলাকায় পার্ক এবং গার্ডেন ডিপার্টমেন্ট এর কাজের জন্য প্রতিষ্ঠিত, সঙ্গতিপন্ন এবং প্রখ্যাত ঠিকাদারদের যাদের সংশ্লিষ্ট কাজে যথেষ্ট অভিজ্ঞতা রয়েছে এর কাছ থেকে নির্ধারিত ফর্মে ই-টেন্ডার আহ্বান করছেন। সংশ্লিষ্ট তথ্যের বিস্তারিত পাওয়া যাবে ই-টেন্ডার নোটিশ এবং এগজিকিউটিভ ইঞ্জিনিয়ার বিভাগীয় ওয়েবসাইট https://www.wbtender.gov.in থেকে। টেন্ডার দাখিলের শেষ তারিখ **৩০.১২.২০২৫ সন্ধে ৬ টা পর্যন্ত**। এইচএমসি কর্তৃপক্ষ কোনও কারণ না দেখিয়েই যেকোনও আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার রাখেন।
টেন্ডার নোটিশ নং : **ED/13/P&G/25-26 তারিখ : ১৭.১২.২০২৫**
২৪২(২)/২৫-২৬ সেক্রেটারি
১৮.১২.২৫ হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন

**ULUBERIA MUNICIPALITY**
**TENDER NOTICE**
**Notice Inviting e-Tender No. -**
**WBMAD/UM/830/E-Tender/2025-26 Dated: 18.12.2025,**
**WBMAD/UM/831/e-Tender/2025-26 Dated: 18.12.2025**
**WBMAD/UM/832/e-Tender/2025-26 Dated: 18.12.2025**
(Construction of Community Toilet Blocks under City Sanitation Action Plan for Toilets (CSAP-3A) under SBM-U 2.0 in different Ward of Uluberia Municipality encompassing all Civil, Electrical and non Schedule Items as per attached estimates..) Details are available in the www.wbtender.gov.in
**Sd/- Executive Officer,**
**Uluberia Municipality**

**WEST BENGAL AGRO INDUSTRIES CORPORATION LTD.**
( A Govt. Undertaking )
Registered Office: 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001
**NIeT- 349(2nd Call)/25-26 and NIeT- 430/2025-2026,**
**Dated- 17-12-2025**
e-Tenders are invited by the Executive Engineer/ General Manager on behalf of West Bengal Agro Industries Corpn. Ltd, 23B, Netaji Subhas Road, 3rd Floor, Kolkata-700001 from bonafide and resourceful Agencies for completion of Civil an Electricall works at Uttar Dinajpur and Purba Burdwan District. Tender document may be downloaded from. http://wbtenders.gov.in
Bid submission start date-**18-12-2025 after 6.00 pm.** Bid submission end date- **13-01-2026 upto 04.00 pm.**
**Date: 18.12.2025 Sd/- Executive Engineer/ General Manager**

**BELDANGA MUNICIPALITY, Murshidabad**
E-tender is invited by the authority of Beldanga Municipality for–

| Sl. No. | Name of Work | Ref. of Tender | Estimated Cost (Approx) | Last date for submission |
|---|---|---|---|---|
| 1. | Const. of C. Road | WB/MAD/ULB/BEL/NIeT-14`/2025-26(2nd Call) | 1.27 Lakh | 29.12.2025 at 2.00 PM |
| 2. | Const. of C. Drain | | 3.85 Lakh | |
| 3. | Const. of C. Drain | | 4.27 Lakh | |
| 4. | Const. of C. Drain | WB/MAD/ULB/BEL/NIeT-16`/2025-26(2nd Call) | 1.36 Lakh | |
| 5. | Const. of C. Drain with cover slab | WB/MAD/ULB/BEL/NIeT-17`/2025-26(2nd Call) | 4.30 Lakh | |
| 6. | Const. of C. Road & Cover slab | | 3.73 Lakh | |
| 7. | Const.of C.Road | WB/MAD/ULB/BEL/NIeT-18/2025-26 | 4.81 Lakh | |

For details visit - **www.municipalitybeldanga.org, www.wbtenders.gov.in**

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001 RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email- dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত। **RNI No. WBBEN/2006/17404,** ফোন: ০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল: dailyekdin1@gmail.com **সম্পাদক: সন্তোষ কুমার সিং**